

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৮৪২

পর্ব-১৯: জিহাদ (كتاب الجهاد)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَنْهُ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لِلْغَازِي أَجْرُهُ وَلِلْجَاعِلِ أَجْرُهُ وَأَجْرُ الْغَازِي أَجْرُهُ وَلِلْجَاعِلِ أَجْرُهُ وَأَجْرُ الْغَازِي» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৩৮৪২-[৫৫] উক্ত রাবী ['আব্দুল্লাহ ইবনু 'আমর (রাঃ)] হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মুজাহিদ (জিহাদ থেকে) গায়ী হয়ে ফিরে আসা পূর্ণ সাওয়াবের অধিকারী হবে। আর জিহাদের জন্য ধন-সম্পদ দানকারী জিহাদে শামিল হওয়া ও দান করা উভয়ের (দু'টি) সাওয়াবের অধিকারী হবে। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] সহীহ: আবূ দাউদ ২৫২৬, মুসনাদ আহমাদ ৬৬২৪, সহীহাহ্ ২১৫৩, সহীহ আল জামি' ৫১৮৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসেও আল্লাহর রাস্তায় ইসলামের শক্রদের সাথে যুদ্ধে লিপ্ত হওয়ার এবং যুদ্ধে সার্বিক সহায়তা প্রদানের ফ্যীলত সম্পর্কে আলোচনা করা হয়েছে।

(لِلْغَازِيُّ أَجْرُه) এ বাক্যে বুঝানো হয়েছে যে, জিহাদের ময়দানে স্বশরীরে যুদ্ধে অংশগ্রহণকারীর জন্য রয়েছে নির্ধারিত সাওয়াব বা প্রতিদান।

রাসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম-এর বাণী (وَلِلْجَاعِلِ أَجْرُهُ وَأَجْرُ الْغَازِ) অর্থাৎ- যে যোদ্ধাকে সাহায্য করবে তার জন্য রয়েছে তার নিজের সাওয়াব এবং যোদ্ধার সাওয়াব" এ বাক্যে "জা'ইল" হচ্ছে এ ব্যক্তি, যে যোদ্ধাকে সহায়তা করে। তার রসদ তথা যুদ্ধের সরঞ্জামাদি প্রস্তুত করার জন্য অর্থ ব্যয় করে। যুদ্ধের যাবতীয়



উপায়-উপকরণ প্রস্তুত করে দেয়। ঐ ব্যক্তি উক্ত যোদ্ধার সমপরিমাণ সাওয়াব লাভ করবে। (মিরকাতুল মাফাতীহ) ইবনুল মালিক বলেন, "জা'ইল বলা হয় ঐ ব্যক্তিকে, যে যোদ্ধাকে যুদ্ধের সরঞ্জামাদি প্রস্তুত করে দেয়"। ('আওনুল মা'বূদ ৫ম খন্ড, হাঃ ২৫২৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আমর ইবনুল আস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন